# ফিক্সড ইনকাম স্ট্রাকচার্ড প্রোডাক্টের জন্য পার্টনার এগ্রিমেন্ট

এই পার্টনার এগ্রিমেন্ট (এরপর থেকে "চুক্তি" হিসেবে উল্লেখ করা হয়েছে) www.instatrade.com ওয়েবসাইটে উপস্থাপিত ইন্সটাট্রেড প্রজেক্ট (এরপর থেকে "প্রোভাইডার" হিসেবে উল্লেখ করা হয়েছে) এবং নির্দিষ্ট ব্যক্তি বা আইনি সত্তার (এরপর থেকে "পার্টনার" হিসাবে উল্লেখ করা হয়েছে) মধ্যে সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য যে এই নির্দিষ্ট ব্যক্তি বা আইনি সত্তার নিবন্ধনের তথ্য প্রোভাইডারের সিস্টেমে অ্যাকাউন্ট প্রোফাইলে লিপিবদ্ধ রয়েছে। প্রোভাইডার এবং পার্টনারকে যৌথভাবে "পক্ষ" হিসাবে উল্লেখ করা হয়েছে।

**এফিলিয়েট প্রোগ্রামের বিস্তারিত তথ্যাবলী**

ফিক্সড ইনকাম স্ট্রাকচার্ড প্রোডাক্টে বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে পার্টনারদের জন্য প্রণোদনা হিসেবে প্রোভাইডার একটি অ্যাফিলিয়েট প্রোগ্রাম (এরপর থেকে "প্রোগ্রাম" হিসেবে উল্লেখ করা হয়েছে) তৈরি করেছে। ফিক্সড ইনকাম স্ট্রাকচার্ড প্রোডাক্ট (এরপর থেকে "প্রোডাক্ট" হিসেবে উল্লেখ করা হয়েছে) মুনাফা নিশ্চয়তাসম্পন্ন স্ট্রাকচার্ড ফিক্সড ইনকাম ইনভেস্টমেন্টের প্রতিনিধিত্ব করে। এই ধরনের বিনিয়োগ কার্যক্রমে নির্দিষ্ট পরিমাণ অর্থ বিনিয়োগ করতে হয় এবং কপি ট্রেডিং সিস্টেমের জন্য সাবস্ক্রিপশন গ্রহণ করতে হয়। এই প্রোগ্রামটি প্রোডাক্টের সমস্ত গ্রাহকদের জন্য উপলব্ধ।

এই চুক্তির উদ্দেশ্য অনুযায়ী, পার্টনার মূল ট্রেডিং অ্যাকাউন্ট ছাড়াও কমিশনের জন্য আরেকটি অ্যাকাউন্ট খুলবে। প্রোডাক্টের প্রতি বিনিয়োগকারীদের আকৃষ্ট করে, পার্টনাররা তাদের মুনাফা বৃদ্ধি করতে পারে। এই প্রোগ্রামটির মাধ্যমে পার্টনাররা কোনো বাধ্যবাধকতা ছাড়াই পূর্ণ-কালীন আয়ের উৎস হিসেবে প্রোডাক্টটি ব্যবহার করতে পারে।

অ্যাফিলিয়েট প্রোগ্রামের মূল সারমর্ম হল যে পার্টনাররা তাদের বন্ধুদের রেফার করতে পারে এবং একটি মাল্টি–লেভেল রেফারেল সিস্টেমের মাধ্যমে অ্যাকাউন্টে কমিশন পেতে পারে:

- লেভেল 1: পার্টনাররা সরাসরি রেফারেলের ইনভাইটেশন ও রেফারেল কার্যক্রম সম্পন্ন করলে 15% পাবেন।
- লেভেল 2: যখন সরাসরি রেফারেল অন্য আরেকজন অংশগ্রহণকারীর ইনভাইটেশন ও রেফারেল কার্যক্রম সম্পন্ন করবে তখন পার্টনাররা 7.5% পাবে।
- লেভেল 3: যখন সেকেন্ড-লেভেল রেফারেল আরেকজন অংশগ্রহণকারীর ইনভাইটেশন ও রেফারেল কার্যক্রম সম্পন্ন করবে পার্টনাররা 3.75% পাবে।
- লেভেল 4: থার্ড-লেভেল রেফারেল অন্য একজন অংশগ্রহণকারীর ইনভাইটেশন ও রেফারেল কার্যক্রম সম্পন্ন করলে পার্টনাররা 1.85% পাবেন।

- লেভেল 5: ফোর্থ-লেভেল রেফারেল অন্য একজন অংশগ্রহণকারীর ইনভাইটেশন ও রেফারেল কার্যক্রম সম্পন্ন করলে পার্টনাররা 1% পাবেন।

**পার্টনারের বাধ্যবাধকতা**

প্রোভাইডারের প্রস্তাবিত প্রোডাক্টে সম্ভাব্য বিনিয়োগকারীদের আকৃষ্ট করার জন্য রেফারেল কার্যক্রমে সক্রিয়ভাবে অংশ নিতে পার্টনার সম্মতি প্রদান করছেন। এই ধরনের কার্যক্রমের মধ্যে প্রোভাইডারের কাছ থেকে পাওয়া প্রমোশোনাল ম্যাটেরিয়াল শেয়ার করা, ডিজিটাল চ্যানেলের মাধ্যমে তথ্য প্রচার করা

এবং স্ট্রাকচার্ড ইনভেস্টমেন্টের সুবিধার বিষয়ে জানানোর জন্য সম্ভাব্য বিনিয়োগকারীদের সাথে সরাসরি ব্যক্তিগত যোগাযোগের মতো কার্যক্রম অন্তর্ভুক্ত থাকতে পারে। এক্ষেত্রে পার্টনারদের কার্যক্রম শুধুমাত্র এইসকল কার্যক্রমের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না, বরং আরও কার্যক্রম যুক্ত হতে পারে।

ইনভেস্টমেন্ট প্রোডাক্টের প্রমোশন এবং রেফারেল কার্যক্রম নিয়ন্ত্রণকারী সংস্থার সমস্ত প্রযোজ্য আইন ও প্রবিধান মেনে চলার ব্যাপারে পার্টনার সম্মতি প্রদান করছেন। পার্টনারদের এটি নিশ্চিত করতে হবে যে সমস্ত প্রচারণামূলক কার্যক্রম নৈতিকভাবে এবং শিল্পখাতের মান অনুযায়ী পরিচালিত হচ্ছে।

পার্টনার সম্ভাব্য বিনিয়োগকারীদের কাছে স্ট্রাকচার্ড ইনভেস্টমেন্টের ব্যাপারে সঠিক এবং ন্যায্য তথ্য উপস্থাপনের গুরুত্ব স্বীকার করছে। পার্টনার সম্ভাব্য বিনিয়োগকারীদের জ্ঞাত এবং সত্য তথ্য প্রদানের জন্য প্রোডাক্টের বৈশিষ্ট্য, ঝুঁকি এবং সুবিধাসমূহ বোঝার জন্য যথাযথ পরিশ্রম করার ব্যাপারে সম্মতি প্রদান করছেন।

এই চুক্তির মেয়াদের সময় এবং তার পরে, পার্টনার কোন অবমাননাকর মন্তব্য না করার ব্যাপারে বা প্রোভাইডার বা প্রোডাক্টের সুনাম ক্ষতিগ্রস্ত করতে পারে এমন কোন আচরণে জড়িত না হওয়ার ব্যাপারে সম্মতি প্রদান করছে। এর মধ্যে প্রোভাইডার, তাদের প্রোডাক্ট বা তাদের ব্যবসায়িক কার্যক্রম সম্পর্কে মিথ্যা বা বিভ্রান্তিকর বিবৃতি প্রদান করা থেকে বিরত থাকার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে।

পার্টনার কর্তৃক রেফার করা যেকোন সম্ভাব্য বিনিয়োগকারী প্রোডাক্টে বিনিয়োগ করার আগ্রহ প্রকাশ করলে পার্টনারকে তা অবিলম্বে প্রোভাইডারের কাছে রিপোর্ট করতে হবে। সঠিক পর্যবেক্ষণ এবং কমিশন প্রদানের সুবিধার্থে পার্টনারকে সঠিক এবং সম্পূর্ণ তথ্য প্রদান করতে হবে।

প্রচারণা এবং রেফারেল কার্যক্রম সম্পর্কিত প্রোভাইডারের যেকোনো যুক্তিসঙ্গত অনুরোধের ক্ষেত্রে সহযোগিতা করার ব্যাপারে পার্টনার সম্মতি প্রদান করছেন। এর মধ্যে অতিরিক্ত তথ্য প্রদান, ট্রেনিং সেশনে অংশগ্রহণ করা এবং প্রোগ্রামের সাফল্য বাড়ানোর লক্ষ্যে মার্কেটিং কার্যক্রম সহযোগিতা করার মতো কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে।

পার্টনার অত্যন্ত পেশাদারিত্ব, সততা এবং নৈতিক মানদণ্ডের ভিত্তিতে অ্যাফিলিয়েট প্রোগ্রাম সম্পর্কিত সমস্ত কার্যক্রম পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ। পার্টনারকে যেকোন প্রতারণামূলক বা বিভ্রান্তিকর কার্যক্রমে জড়িত হওয়া থেকে বিরত থাকতে হবে।

**পেমেন্ট এবং কমিশন**

সাপ্তাহিক ভিত্তিতে কমিশন হিসাব করা হবে এবং কমিশন প্রদানের জন্য নির্ধারিত পার্টনারের অ্যাকাউন্টে ডিপোজিট করা হবে। অনুরোধের ভিত্তিতে এই তহবিল মূল ট্রেডিং অ্যাকাউন্টের মাধ্যমে উত্তোলনের জন্য উপলব্ধ হবে।

প্রোভাইডার কমিশন পেমেন্ট করার জন্য ন্যূনতম পরিমাণ নির্ধারণ করার অধিকার সংরক্ষণ করে। পার্টনারের অর্জিত কমিশন এই পরিমাণ অতিক্রম করলেই কমিশন প্রদান করা হবে।

**চুক্তির মেয়াদ এবং সমাপ্তি**

যে তারিখে পার্টনার প্রোভাইডারের ওয়েবসাইটের পারসোনাল কেবিনেটে কমিশনের জন্য অ্যাকাউন্ট খুলবে সেই তারিখ থেকে এই চুক্তি কার্যকর হওয়া শুরু হবে, এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত কার্যকর থাকবে।

যদি অন্য পক্ষ এই চুক্তির কোনো বস্তুগত শর্ত লঙ্ঘন করে তবে উভয় পক্ষই লিখিত নোটিশের ভিত্তিতে অবিলম্বে এই চুক্তিটি বাতিল করতে পারে। এই চুক্তির সমাপ্তির পরে, গোপনীয়তা সংক্রান্ত বাধ্যবাধকতা এবং অন্য কোন বিধান যা সেগুলোর ধরন অনুযায়ী চুক্তির সমাপ্তির পরও বলবৎ থাকা উচিত তা সম্পূর্ণরূপে এবং কার্যকরভাবে চলমান থাকবে।

**গোপনীয়তা**

পার্টনারকে অবশ্যই গোপনীয় তথ্য গোপন রাখতে হবে, অননুমোদিত তথ্যের প্রকাশ বা ব্যবহার রোধ করার জন্য যুক্তিসঙ্গত পদক্ষেপ নিতে হবে। প্রকাশের আগেই পরিচিত তথ্য, সর্বজনীনভাবে উপলব্ধ তথ্য, বা স্বাধীনভাবে বিকশিত তথ্যের ক্ষেত্রে এই বাধ্যবাধকতা প্রযোজ্য নয়। পার্টনার অনুরূপ গোপনীয়তার বাধ্যবাধকতা দ্বারা আবদ্ধ অনুমোদিত কর্মীদের সাথে গোপনীয় তথ্য শেয়ার করতে পারে।

**সরকারি আইন**

এই চুক্তিটি ব্রিটিশ ভার্জিন দ্বীপপুঞ্জের আইন অনুসারে পরিচালিত হবে। উভয় পক্ষের দ্বারা স্বাক্ষরের ভিত্তিতে শুধুমাত্র লিখিতভাবে এই চুক্তি সংশোধন করা যেতে পারে।

**চূড়ান্ত বিধান**

প্রোভাইডারের ওয়েবসাইটে উল্লিখিত চুক্তির শর্তাবলীর প্রতি সম্মতি প্রদানের মাধ্যমে, পার্টনার এই মর্মে নিশ্চয়তা প্রদান করছে যে তারা এই চুক্তিতে যুক্ত হওয়ার আইনি ক্ষমতাসম্পন্ন এবং আরও নিশ্চিত করছে যে এই চুক্তিতে প্রবেশ করার জন্য তাদের প্রয়োজনীয় কর্তৃত্ব রয়েছে।

সেইসাথে, পার্টনার সম্মতি প্রদান করছেন যে ওয়েবসাইটের টিকবক্সে ক্লিক করার মাধ্যমে, তারা ইলেকট্রনিকভাবে এই চুক্তিতে স্বাক্ষর করছেন এবং তারা জানেন যে এই ইলেকট্রনিক এক্সেপ্টেন্স যেকোন কাগজের নথিতে স্বহস্তে প্রদান করা স্বাক্ষরের মতো একই ধরনের আইনি প্রভাব বিস্তার করে। চেকবক্সে টিক দিয়ে, পার্টনার এই চুক্তির শর্তাবলীর সাথে আবদ্ধ হতে সম্মতি প্রদান করছেন।